



Vol. 9 | No. 1 | 1965

 Check for updates

সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

মধ্যভারতীয় আর্যভাষা সংকলন

Volume	9
Issue	1
Year	1965
ISSN	0558-1583
eISSN	3006-886X
Author(s)	রবীন্দ্র বিজয় বড়ুয়া
Published online	June 15, 1965
DOI	10.62328/sp.v9i1.8
Link to article	https://doi.org/10.62328/sp.v9i1.8
Pages	143-170
Publisher	University of Dhaka
Copyright	সাহিত্য পত্রিকা
Designed and Developed by	Zobayer Abdullah

মধ্যভারতীয় আর্যভাষা সংকলন

রবীন্দ্র বিজয় বড়ুয়া

॥ মখাদেব জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বিদেহরট্টে মিথিলায়ং মখাদেবো নাম রাজা অহোসি ধম্মিকে ধম্মরাজা। সো চতুরাসীতিবস্‌সহস্‌সানি কুমারকীলং তথা ওপরজ্জং তথা মহারজ্জং কত্তা দীঘং অন্ধানং থেপেত্তা একদিবসং কল্পকং আমন্তেসি : যদা মে সম্ম কল্পক সিরস্মিং ফলিতানি পস্‌সেয়্যাসি অথ মে আরোচেয়্যাসীতি।

শব্দার্থ ও টীকা : অতীতে—অতীত কালে, কালে সপ্তমী। (অতি—√ই—to go+তে; ই+ই=ঈ)। বিদেহরট্টে—বিদেহ রাষ্ট্রে। অহোসি—ছিল, (√হ—to be, বক্তমানা ‘হোতি’) এখানে অজ্জতনী, প্রথম পুং একবচন। মিথিলায়ং—মিথিলাতে। সপ্তমী বিভক্তির একবচন। সো—সে, প্রথম পুরুষ একবচন। মাগধী ‘শে’ (সং—সঃ) চতুরাসীতিবস্‌সহস্‌সানি—৮৪ হাজার বৎসর। কুমারকীলং—কুমারকীড়া। ওপরজ্জং—ওপররাজ্য (crown prince)। দীঘং অন্ধানং থেপেত্তা—দীর্ঘ দিন কাটাইয়া। দীঘং অন্ধানং—দীর্ঘ দিন, কর্ম কারক, একবচন পুংলিঙ্গ। কল্পকং—কল্পকে, নাপিতকে, ২য়ার একবচন। আমন্তেসি—(আ+মন্ত to call, address, speak to, invite, consult,) আমন্ত্রণ করিলেন; অজ্জতনী, প্রথম পুরুষ, একবচন। মে—আমার। কত্তা—করিয়া—Present participle,

(√কর—to do)। ফলিতানি—পাকা চুল। সিরস্মিং—মস্তকে, ৭মী বিভক্তির একবচন। পস্‌সেয়্যাসি—দেখ (√পস্—to see, প্রথম পুরুষ এক বচনে ‘পস্‌সতি’।) সপ্তমী, মধ্যম পুরুষ, একবচন। আরোচেয়্যাসি—জানাইও। পঞ্চমী, মধ্যম পুরুষ, একবচন (আ+√রচি, causative of√‘ruc’)।

বঙ্গানুবাদ :

পুরাকালে বিদেহ রাজ্যে মিথিলাতে মখাদেব নামক একজন ধার্মিক রাজা ছিলেন। তিনি যথার্থম রাজ্য শাসন করিতেন। তিনি ৮৪০০০ বৎসর কুমার ক্রীড়া (আমোদ প্রমোদ), সেইরূপ ঔপরাজ্য ও রাজ্য প্রতিনিধিত্ব করতঃ দীর্ঘদিন কাটাইয়া একদিন নাপিতকে ডাকাইয়া বলিলেন, “হে সৌম্য কৌরকার, যখন আমার মস্তকে পলিত কেশ দর্শন কর তখনই আমাকে জানাইও।”

॥ ২ ॥

কল্পকোপি দীঘং অন্ধানং খেপেহা একদিবসং রঞেঞো অঞ্‌জন বন্নানং কেসানং অন্তরে একং এব ফলিতং দিস্বা “দেবো, একং তে ফলিতং দিস্‌সতী”তি আরোচেসি। “তেন হি মে সম্মতং ফলিতং উক্করিহা পানিম্‌হি ঠপেহী”তি চ বৃত্তো স্তুব্ব সগুাসেন উক্করিহা রঞেঞো পানিম্‌হি পতিট্‌ঠাপেসি।

শকার্‌ও টীকা: রঞেঞো—রাজার, ৬ষ্ঠীর একবচন। অন্তরে—ভিতরে দিস্বা—দেখিয়া (√দিস্—to see, present participle). দিস্‌সতি—is seen. সম্ম—বন্ধু, সৌম্য। উক্করিহা—উঠাইয়া। পানিম্‌হি—হস্তে, ৭মীর একবচন। ঠপেহি—স্থাপন কর, ৫মীর একবচন। সগুাসেন—সাঁড়াশিরদ্বারা ‘pincers’, ৩য়ীর একবচন (সংগুাশ) বাংলা ‘সাংগুাশী’। চলিত কথায় ‘সন্ন’ এবং পূর্ববঙ্গে ‘চিম্‌টা’ বলে। পতিট্‌ঠাপেসি—প্রতিষ্ঠাপিত কর। ৫মীর একবচন। অঞ্‌জন বন্নানং কেসানং অন্তরে—কৃষ্ণবর্ণ কেশের অভ্যন্তরে।

বজ্রানুবাদ :

নাপিতও দীর্ঘদিন কাটাইয়া একদিন রাজার বৃষ্ণবর্ণ কেশসমূহের মধ্যে একটি পক্ক কেশ দেখিয়া রাজাকে জানাইল, “একটি পক্ক কেশ দেখা যাইতেছে”। “তবে হে সৌম্য, তাহা তুলিয়া আমার হস্তে স্থাপন কর।” ইহা বলাতে (নাপিত) স্মৃবর্ণ সাঁড়াশীর দ্বারা (উহা) উঠাইয়া রাজার হস্তে স্থাপন করিল।

॥ ৩ ॥

তদা মঞ্জুঃঞা চতুরাসীতিবস্‌সসহস্‌সানি আয়ুঃ অবসিট্ঠং হোতি ।
এবং সন্তে পি ফলিতং দিম্বা ব মচ্চুরাজানং আগম্বা সমীপে ঠিতং বিয
অতানং আদিতপন্নসালং পবিট্ঠং বিয চ মঞ্জুঃঞমানো সংবেগং আবজ্জিত্বা “বাল্লা
মখাদেব, যাব ফলিতস্‌স’ উপ্পাদা ব ইমে কিলেসে জহিতুং নাসকখী” তি চিস্তেসি ।
তস্‌স’ এবং ফলিতপাতুভাবং আবজ্জন্তস্‌স আবজ্জন্তস্‌স অস্তোদাহো উপ্পজ্জি ।

শব্দার্থ ও টীকা : অবসিট্ঠং—অবশিষ্ট । হোতি—আছে । (√হ—
to be), প্রথম পুরুষ, একবচন, বর্তমান কাল ।

মচ্চুরাজানং — মৃত্যুরাজ, ‘god of death’. (adj.) বৌদ্ধেরা মৃত্যুরাজকে
‘যম’ বা ‘ধর্মরাজ’ও বলে । আগম্বা — আসিয়া । Present participle.
(√গম — to go, যাওয়া), বর্তমান কাল প্রথম পুরুষ, এক বচনের রূপ ‘গচ্ছতি’ ।
সন্তে — Locative absolute (সপ্তমীর একবচন, (√অস্ — to be)
প্রথম পুরুষ একবচন বর্তমান কালের রূপ — অথি । আদিত পন্নসালং —
(আদিত্যপর্ণশালং) প্রজ্জলিত পর্ণশালা । পবিট্ঠং — প্রবেশ করিয়া ।
(present participle of ‘পবিসতি’) । মঞ্জুঃঞমানো — (মগ্ধমান)
মনে করিয়া । সংবেগ — উত্তেজনা, ভয়, উদ্‌বিগ্নতা, উচ্ছ্বাস, (fear,
agitation, anxiety, thrill or religious emotion caused by contem-
plation of the miseries of the world). পালি গ্রন্থানুসারে (বিসুদ্ধি
মগ্গো, পৃ: ১৩৫, মহাবংস, ১, ৪, ; ২৩, ৬২) সংবেগের কারণ আট প্রকার

যথা :—জন্ম, জরা, রোগ, মৃত্যু, অপায় ভয়, এবং বর্তমান অতীত ও ভবিষ্যৎ সংসারের ভয়। **আবজ্জিহ্বা** — (gerund, আ+পদ) 'being struck with', প্রাপ্ত হইয়া, সংবেগ প্রাপ্ত হইয়া, জগতের দুঃখে উদ্ভিন্ন হইয়া। **যাব**— যাবৎ, যে পর্যন্ত। **উপ্পাদা**—উৎপন্ন। **কিলেসে** — ক্লেশ, দুঃখ সমূহে।

জহিতুং—ত্যাগ করিতে (Infinitive √হা—to give up)।

নাসক্খী — সক্ষম না হওয়া। **চিন্তেসি** — চিন্তা করিল। (বর্তমান, প্রথম পু : একবচন)। **পাতুভাবং** — প্রার্থ্ভাব।

আবজ্জন্তুস — (৬ গীর একবচন, পুং, present participle, আ-√বৃধ causative) ভাবিতে ভাবিতে। **অন্তদাহো** — অন্তর্দাহ। **উপ্পজ্জি** — উৎপন্ন হইল (উৎ+পজ্জতি)।

বঙ্গানুবান :

সেই সময় রাজার আরও চুরাশী হাজার বৎসর আয়ু অবশিষ্ট ছিল। এইরূপ হওয়া সত্ত্বেও পক্ষ কেশ দেখিয়া রাজার মনে হইল, মৃত্যুরাজ পার্শ্বে স্থিত, তিনি যেন স্বয়ং প্রজ্জ্বলিত পর্ণশালায় প্রবিষ্ট। এইরূপে উদ্ভিন্ন হইয়া “মূর্খ মখাদেব (শিশুকাল হইতে) পক্ষ কেশ না হওয়া পর্যন্ত ক্লেশ মুক্ত হইতে পারিলে না” ইত্যাদি চিন্তা করিতে লাগিলেন। এইভাবে তাহার (নিজের) পক্ষ কেশের কথা চিন্তা করিতে করিতে অন্তর্দাহ উৎপন্ন হইল।

॥ ৪ ॥

সরীরা সেদা মুচ্চিংসু । সাটকা পীলেহা অপনেতব্বাকারপত্তা অহেসুং । সো “অজ্জ’এব ময়া নিক্খমিত্তা পব্বজিতুং বট্ঠতী”তি কল্পকস্ সতসহসসুট্ঠাং গামবরং দহা জেট্ঠপুত্তং পক্খোসাপেহা ; “তাত, মম সীসে ফলিতং পাতুভূতং, মহল্লকো’ম্হি জাতো । ভুত্তা খো পন মে মানুসকা কামা । ইদানি দিব্বকামে পরিয়েসিস্ সামি । নেক্খস্মকালো ময়্ হং । ত্বং ইমং রজ্জং পটিপজ্জ ।

শব্দার্থ ও টীকা : সেদা : ঘর্ম, ঘের। মুচ্চিংসু — নির্গত হইল। প্রথম পুং
 অঙ্কতনী, বহুবচন (√ম্চ্—to release)। সাটিকা— শাড়ী, কাপড়, 'Clothes'।
 পীলেত্বা— (সং পীড়য়িত্বা) — ভিজিয়া ক্লিন্ন হইয়া, 'being wrung'। অপম্নেতব-
 কারপ্ততা — অপনয়ন করার যোগ্য। অহেসুং — হইয়াছিল। (√অস্—to be),
 অঙ্কতনী, প্রথম পুরুষ, বহুবচন। নিক্খমিত্বা — বাহির হইয়া। (Present
 Participle.)। পব্বজিতুং—প্রব্রজ্যা গ্রহণ করিতে (Infinitive)। বট্ঠতি—উচিত,
 Proper। উট্ঠানং — আয়। শতসহস্শুঠানং — শতসহস্র উৎপাদক, এক
 লক্ষ শুল্ক আদায় হয় এই রকম গ্রাম। দত্তা — দিয়া (√দা — to give)। 'Present
 Participle'. পকথোসাপেত্বা — ডাকাইয়া (gerund), 'প্র-ক্রুস্ ..Causative
 'have' had called'. সীসে — (সং শীর্ষে) মস্তকের উপর, 'on the head'.
 মহল্লকো— বৃক (মহং+লোক)। ভুত্তা — having eatten (সং ভুক্ত √ভুজ-to
 eat) Past participle। ভুত্তাপাতরাসং—after having eatten breakfast.
 জাতোম্হি = মিহ+জাতো (সং জাতো'ম্হি) — আমি হইয়াছি, 'I have become',
 মানুসকা কাম্মা — পার্থিব সুখ। ইদানি — এখন। দিব্বকামে — স্বর্গীয় সুখ,
 heavenly pleasure. পরিয়েসিস্, জামি— অন্বেষণ করিব, 'I will seek'. উত্তমপুরুষ
 ভবিষ্যৎ, একষট্ঠন (পরি+√ইষ)। নেক্খম্মকালো— নিষ্ক্রমণ কাল। প্রব্রজ্যার
 সময় (নিষ্ক্রমণকাল), retirement from life. ত্বং — তুমি। পটিপজ্জ — গ্রহণ
 কর, accept, obtain, পঞ্চমী, মধ্যম পুরুষ একবচন। মম—আমার
 (ষষ্টির একবচন)।

বঙ্গানুবাদ :

শরীর হইতে ঘর্ম বাহির হইল। শাড়ী ভিজিয়া অপনয়ন করিবার যোগ্য
 হইল। 'আজই গৃহত্যাগ করা উচিত' এই ভাবিয়া নাপিতকে শতসহস্র উৎপাদক
 (এক লক্ষ শুল্ক আদায়যোগ্য) শ্রেষ্ঠ গ্রাম প্রদান করিলেন। তৎপর জ্যেষ্ঠ পুত্রকে
 ডাকাইয়া বলিলেন, "তাতঃ, আমি বৃদ্ধ হইয়াছি, আমার শিরে পক্ষ কেশ
 আর্বিভূত হইয়াছে, মানুষের কাম্য আমি ভোগ করিয়াছি, এখন স্বর্গীয় সুখ
 অন্বেষণ করিব, আমার নিষ্ক্রমণ করার সময়, তুমি এই রাজ্য গ্রহণ কর।"

॥ ৫ ॥

অহং পন পব্বজিহা মখাদেবস্ববনউয়ানে বসন্তো সমন ধম্মং করিস্সামী”তি
আহ। তং এবং পব্বজিতুকামং অমচ্চা উপসংকমিত্বা, “দেব কিং তুম্হাকং পব্ব-
জ্জাকারণ”ন্তি পুচ্ছিংসু। রাজা ফলিতং হথেন গহেহা অমচ্চানং গাথং আহ :

“উত্তমঙ্গরুহা ময়্হং ইমে জাতা বয়োহরা,
পাতুভূতা দেবদূতা, পব্বজ্জাসময়ো মমাতি।

শব্দার্থ ও টীকা : পব্বজিত্বা—প্রব্রজ্যা গ্রহণ করিয়া, (প+√ব্রজ-
leaving the world) অসমাপিকা ক্রিয়া। উয়ানে—উত্থানে। বসন্তো—বাস
করিতে করিতে (Nom. sing. m. pres. part. √বস্ — to stay)।
করিস্সামি—করিব। (√কর — to do, perform)। ভবিষ্যৎ, প্রথম পুং একবচন
আহ—বলিল। (আহ্, to speak, perfect tense of √অহ) পব্বজিতুকামং প্রব্রজ্যা
গ্রহণ করিতে ইচ্ছুক (কর্মকারক, একবচন)। পুচ্ছিংসু—জিজ্ঞাসা করিল। প্রথম পুরুষ,
বহুবচন, অজ্ঞতনী। (√পুচ্ছ—to ask)। অমচ্চা—অমাত্যেরা। উপসংকমিত্বা—
উপস্থিত হইয়া। অসমাপিকা ক্রিয়া। (উপ+সং+ক্রম) to go up to, to approach,
come near)। তুম্হাকং—তোমাদের। পব্বজ্জাকারণন্তি (পব্বজ্জা+কারণ+ইতি)
—প্রব্রজ্যার কারণ। গহেহা—লইয়া। উত্তমঙ্গ—শ্রেষ্ঠ অংশ। উত্তমঙ্গরুহা—
শ্রেষ্ঠ-অঙ্গে যাহা উঠে তাহা পক্ক (কর্তৃকারক, বহুবচন, পুংলিঙ্গ) that grow
on the best, i.e. the top-most limb i. e. hair on the head. মন্তকের
কেশ। ময়্হং—আমার। বয়োহরা—বয়স হরণকারী। পাতুভূতা—(প্র+ভূ)
প্রাচুভূত, আবির্ভাব, দেবদূতা—(এখানে) মৃত্যু দূত, messenger of death-
পব্বজ্জাসময়ো—time of renunciation. মম—আমার।

বঙ্গানুবাদ :

“আমি প্রব্রজ্যা গ্রহণ করিয়া মখাদেব (নামক) আশ্রমবনে শ্রমণ ধর্ম পালন
করিব” বলিয়া কহিলেন। তাঁহাকে এইভাবে প্রব্রজ্যা গ্রহণ করিতে ইচ্ছুক

দেখিয়া অমাত্যেরা উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, “দেব, আপনার প্রব্রজ্যা গ্রহণ করার কারণ কি?” রাজা হস্ত দ্বারা কেশগুলি গ্রহণ করিয়া অমাত্যদিগকে গাথায় বলিলেন :

আমার শিরে বয়স হরণ-কারী পরিপক্ক কেশ জন্মিয়াছে। দেবদূতেরা আগত, (এখন) আমার প্রব্রজ্যার সময়।

॥ ৬ ॥

সো এবং বহা তং দিবসং এব রজ্জং পহায় ইসিপবজ্জং পবজ্জিত্বা তস্মিং এব মখাদেব অম্ববনে বিহরন্তো চতুরাসীতিবস্‌সহস্‌সানি চত্বারো ব্রহ্মবিহারে ভাবেহা অপরিহীনজ্‌বানে ঠিতো কালং কত্বা ব্রহ্মলোকে নিব্বত্তিত্বা পুন ততো চুতো মিথিলায়ং য়েব নিমি নাম রাজা হুত্বা ওসক্‌মানং অন্তনো বংসং ঘট্টেহা তথ্‌এব অম্ববনে পব্বজিত্বা ব্রহ্মবিহারে ভাবেহা পুন ব্রহ্মলোকূপগো ব অহোসি।

শব্দার্থ ও টীকা : বহা — বলিয়া (বদ্ — to speak), অসমাপিকা ক্রিয়া। পহায় — ত্যাগ করিয়া (সং-প্রহায়) (প+√হা — ত্যাগ করা gerund of পজহতি।) ইসিপবজ্জং — ঋষি প্রব্রজ্যা। পব্বজিত্বা — প্রব্রজ্যা গ্রহণ করিয়া। তস্মিং—সেই। বিহরন্তো—বিহার করিবার সময়ে, অবস্থান করিবার সময়ে। চত্বারো ব্রহ্মবিহারে — চারিপ্রকার ব্রহ্মবিহার, যথা :— মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা। ভাবেহা — ভাবিয়া অর্থাৎ মৈত্রী, করুণা, মুদিতা ও উপেক্ষা এই চারি প্রকার ভাবনায় রত থাকিয়া। অপরিহীনজ্‌বানে — অপরিহীন ধ্যানে অর্থাৎ ধ্যান ফল নষ্ট না করিয়া। ঠিতো — স্থিত। ততো — সেখান হইতে। পঞ্চমীর একবচন। হুত্বা — হইয়া। কালংকত্বা — কালপ্রাপ্ত হইয়া। নিব্বত্তিত্বা — (নিঃ+বৃত্) জন্মগ্রহণ করিয়া। gerund of ‘নিব্বত্ততি’। চুতো (চুত্ব্যঃ) — চ্যুত, পতিত হওয়া, fallen. ওসক্‌মানং — (ওসক্‌মানং) ক্ষীয়মান। ‘অবশাথ’ ক্রিয়্যার নাম ধাতু। বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে ‘ওসক্‌তি’ (ও+সক্‌তি), মাগধী ‘ওসক্‌ই’ to draw back, move back etc. ঘট্টেহা — (ঘটয়িত্বা) বাড়াইয়া, শ্রীবৃদ্ধিসাধন করিয়া, বর্তমান-

কাল প্রথম পুরুষ একবচনে 'যটেতি' — to join, to unite, to connect. যটেত্বা — adding the connection (between one birth and another)। তথ' এষ—সেইরূপে। পব্বজিত্বা — প্রব্রজ্যা গ্রহণ করিয়া। ব্রহ্মলোকুপগো — ব্রহ্মলোকগামী অর্থাৎ ব্রহ্মলোকে জন্ম গ্রহণ করিল। ভাবেত্বা — ভাবনা করিয়া, চিন্তা করিয়া।

বঙ্গানুবাদ :

তিনি এই বলিয়া সেই দিনই রাজত্ব ত্যাগ করিয়া ঋষি-প্রব্রজ্যা গ্রহণ করিলেন। সেই মথাদেব আম্রকাননে অবস্থান করতঃ চুরাশীহাজার বৎসর ব্রহ্মবিহার ভাবনা করিয়া ধ্যানঅপরিস্কীণ (ধ্যান-ক্ষয় না করিয়া) অবস্থায় কাল প্রাপ্ত হইয়া ব্রহ্মলোকে উৎপন্ন হইলেন। পুনরায় সেখান হইতে চ্যুত হইয়া মিথিলায় নিমি নামক রাজা হইয়া ক্ষীয়মান নিজ বংশের শ্রীবৃদ্ধি সাধন করিয়া সেভাবে আম্রকাননে ব্রহ্মবিহার ভাবনা করিয়া পুনরায় ব্রহ্মলোকে উৎপন্ন হইলেন।

॥ বাবেরু-জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বারাণসিয়াং ব্রহ্মদত্তে রজ্জং কারেত্তে বোধিসত্তো মোর-যোনিয়াং নিব্বত্তিহা বুদ্ধিং অঘায় সোভগ্গপত্তো অরঞ্ণে বিচরি । তদা একচে বাণিজা দিসা-কাকং গহেত্তা নাবায় বাবেরু রট্ঠং অগমংসু । তস্মিং কির কালে বাবেরু-রট্ঠে সকুণা নাম নথি । আগতাগতা রট্ঠবাসিনো তং কুপগ্গে নিসিন্নং দিস্বা “পস্‌সথ’ ইমস্‌স ছবিবল্লং গল-পরিয়োসানং মুখ তুণ্ডকং মণিগুলক সাদিসানি অক্‌খিনী”তি কাকং এব পসংসিহা তে বাণিজকে আহংসু : “ইমং অয়্যা সকুণং অম্‌হাকং দেথ, অম্‌হাকং হি ইমিনা অথো, তুম্‌হে অন্তনো রট্ঠে অঞ্‌ঞং লভিস্‌সথা”তি ।

শব্দার্থ ও টীকা :

অতীতে — পুরাকালে, দীর্ঘদিন আগে (অতি+√ই — যাওয়া to go+তে), সপ্তমীর একবচন । অতীতে কালে, long Past. বারাণসিয়াং — বারাণসীতে, সপ্তমীর একবচন, স্ত্রীলিঙ্গে । (Baranasi was a big city during the time of Buddha. This was so called as it was situated at the confluence of the two rivers viz, Vāraṇā and Asi.) ।

ব্রহ্মদত্তে রজ্জং কারেত্তে — ব্রহ্মদত্তের রাজত্বকালে । (This is a good example of locative absolute followed by a participle) ।

ব্রহ্মদত্তো—রাজা ব্রহ্মদত্ত । রজ্জং=(রাজ্য) রাজত্ব=√রজ+ষং next. abs. suffix). কারেত্তি—করে > present participle ‘কারেত্তো’ < সপ্তমী বিভক্তিতে ‘কারেত্তে’ ।

মোর-যোনিয়ং — ময়ুর যোনিতে, ময়ুর কুলে, ময়ুর হইয়া ।

বোধিসত্তো — বুদ্ধের অপর নাম বোধিসত্ত্ব । বুদ্ধত্ব লাভের আগে পর্যন্ত বুদ্ধকে ‘বোধিসত্ত্ব’ বা ‘বুদ্ধাকুর’ বলা হইত । ইহার আক্ষরিক অর্থ ‘বোধি’ — অর্থাৎ ‘জ্ঞান’ এবং ‘সত্তো’ — প্রাণী । অতএব, বোধিসত্তো অর্থে যে প্রাণীর মধ্যে বুদ্ধত্ব রূপ জ্ঞান নিহিত রহিয়াছে অথবা যে প্রাণী বুদ্ধত্ব লাভের জন্য দীর্ঘ দিন ধরিয়া সাধনা করিয়া আসিতেছে ।*

নিকবত্তিত্বা — জন্মগ্রহণ করিয়া [নি+ √বত+ষ+তি], Gerund. **বুদ্ধিং**— বুদ্ধি । **অন্বায়** — following upon, ‘owing to,’ কারণ বশতঃ (Gerund) । **সোভগ্গপত্তো** = সোভগ্গ+পত্তো — (সন্ধির ফলে ‘প’ দ্বিভ্ব হইয়াছে) — সৌভাগ্য-প্রাপ্ত অথবা সৌভাগ্যশালী হইয়া । [স্ত+ভাগ+পত্তো <পাপ (=প+ √অ) — attained favourable condition. Past participle.

অরুণ্ণে — অরণ্যে । Mutual assimilation.

বিচরি — বাস করিতেন বা বিচরণ করিতেন । প্রথম পুরুষ একবচন, অতীত কাল । বর্তমান কালে ‘বিচরতি’ । **ভদা** — সেই সময় । **গহেত্তা** — লইয়া, অসমাপিকা ক্রিয়া । <(গ্রহ—গ্রহণ করা, to take) । **অগমংসু** — আসিয়াছিল । অতীত কাল, বহুবচন । (অ+ √গম—to go) । **ভস্মিং** — সেই । **বাবেকুরট্ঠে** — বাবেকুরাজ্যে । **একচে** — জনৈক । **দিস্সা** — দেখিয়া (√দিস্+ত্বা) । **ইমসু**— ইহার । ষষ্ঠীর এক বচন । **গল পরিয়োসনং**— গলার অবশেষ । **আগতা-গতা** — passersby, যাতায়াতকারী দর্শক । **নিসিন্নং** — উপবিষ্ট, ঠৈজ্ঞন মহারাষ্ট্রী নিসিন্ন । **মণি-গুলক সদ্দিমানিঅক্খিনী**— মণি গুলক সদৃশ চক্ষু দুইটি । **পসংসিত্তা**— প্রশংসা করিয়া । **আহংসু** — বলিয়াছিল । অতীত কাল বহুবচন ; (√অহ — to say), প্রথম পুরুষ এক বচনে ‘আহ’ হয় । **ইমং** — এই । **অম্হাকং** — আমাদিগকে । **দেথ** — দাও, পঞ্চমী, মধ্যম পুরুষ বহুবচন । **লভিস্সথ** — লাভ করিবে । **ইমিনা** — ইহার দ্বারা, তৃতীয়ার এক বচন ।

[*A being or creature who is destined to become a Buddha. See for further detail Pali Jatakatha Nidanakatha ; Haradayl : Boddhisathva Doctrine]

বজানুবাদ :

অতীতে বারানসীরাজ ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ত্ব ময়ূর কুলে জন্ম গ্রহণ করতঃ সৌভাগ্যশালী হইয়া অরণ্যে বাস করিতেন। সেই সময় এক বণিক একটি দিশাকাক^১ লইয়া বাবেরু রাজ্যে আসিয়াছিলেন। তখন বাবেরু-রাজ্যে কোন পক্ষীর অস্তিত্ব ছিল না। রাষ্ট্রবাসী দর্শকেরা পক্ষীটিকে নৌকার অগ্রভাগে উপবিষ্ট দেখিয়া কাকের প্রশংসা করতঃ বণিকদিগকে বলিল, “দেখ, ইহার কি সুন্দর বিচিত্র বর্ণ, গলার অন্ত্যদেশ অবধি মুখতুণ্ডক ও মণিগোলক সদৃশ আঁখি দুইটি।” “এই পক্ষীটি আমাদিগকে দিন। ইহার দ্বারা আমাদের কাজ হইবে, আপনারা নিজের দেশে আর একটি পাইবেন।”

॥ ২ ॥

“তেনহি মূলেন গহুথা”^২তি।

“কহাপণেন নো দেথা”^৩তি।

“ন দেথা”^৪তি অনুপুৰ্বেন বড্‌চেত্ত্বা “সতেন দেথা”^৫তি বুত্তে “অম্‌হাকং এস বহুপকারো, তুম্‌হেহি পন সন্ধিং মেত্তী হোতু”^৬তি কহাপণসতং গহেত্ত্বা অদংসু। তে তং গহেত্ত্বা সুবল্লপঞ্জরে পক্‌খিপিত্তা নানাঙ্গকারেন মচ্ছমংসেন চে'ব ফলাফলেন চ পটিজগ্‌গিংসু।

শব্দার্থ ও টীকা : তেনহি—তবে। মূলেন—মূল্যদ্বারা। তৃতীয়ার একবচন, বহুবচনে ‘মুলেহি’ হয়। কহাপণেন—কাহাপন শব্দের অর্থ মুদ্রা, এখানে সম্ভবতঃ রোপ্য মুদ্রাই বুঝাইবে। তৃতীয়ার একবচনে। অনুপুৰ্বেন—কালক্রমে। বড্‌চেত্ত্বা—বাড়াইয়া, present participle. সন্ধিং—সহিত। মেত্তী—বন্ধুত্ব, মৈত্রী > মেত্তি > মেত্তী (Regressive Assimilation, ঐ স্থানে ‘এ’)। অদংসু—দিয়াছিল, অতীতকাল, বহুবচন। (√দা— to give)। পক্‌খিপিত্তা—স্থাপন করিয়া, রাখিয়া, Present participle. পটিজগ্‌গিংসু—(প্রতি+জাগ্‌)—যত্ন লইয়াছিল, পরিচর্যা

১। দিক নির্ণয়কারী কাক।

করিয়াছিল; অতীতকালের ক্রিয়া বহুবচন। **সতেন** — শত মুদ্রা দিয়া। তৃতীয়ার একবচন। **বুক্তে** — বলাতে। আধুনিক বাংলা 'উক্তে'। **নানাপ্রকারেন মচ্ছ মাংসেন ফলাফলেন চ** — নানা প্রকার মৎস্য, মাংস, ফলমূলের দ্বারা।

বঙ্গানুবাদ :

“তাহা হইলে মূল্য দিয়া গ্রহণ কর।”

“একটি মুদ্রা দিয়া দিবেন না?”

“না।” এইরূপে মূল্য বাড়াইয়া “একশত মুদ্রা” দিয়া ক্রয় করিতে বলিল। তখন (বাণিকেরা) শতমুদ্রা গ্রহণ করিয়া তাহাদিগকে একটি অর্পণ করিল। “ইহা আমাদের বহু উপকারী, তোমাদের সঙ্গে মৈত্রী হউক।” তাহারা ইহাকে লইয়া সুবর্ণ পিঞ্জরে স্থাপন করিয়া নানাপ্রকার ফলমূল ও মৎস্য মাংস দ্বারা ইহার পরিচর্যা করিয়াছিল।

॥ ৩ ॥

অঞ্‌ঞসং স্কুণানং অবিজ্জমানট্ঠানে দসহি অসদ্ধম্মেহি সমন্নাগত কাকো লাভগ্‌গযসগ্‌গপত্তো অহোসি। পুনবারে তে বাণিজ্জা একং ময়ুর-রাজানং গহেত্তা যথা অচ্চরাসদ্দেন বস্‌সতি পাণিঞ্জহার সদ্দেন নচ্চতি এবং সিক্‌খাপেত্তা বাবেক্ক রট্ঠং অগমংসু। সো মহাজনে সন্নিপতিতে নাবায় ধুরে ঠত্তা পক্‌থে বিধুনিত্তা মধুরসস্‌রং নিচ্ছারেত্তা নচ্চি।

শকার্থ ও টীকা : অঞ্‌ঞসং < অন্ত্‌সং — অণকোন পাখীর। **অবিজ্জ-মানট্ঠানে** — অবিজ্ঞানে, অবর্তমানে। **দসহি অসদ্ধম্মেহি** — দশটি অসদ্ধর্মযুক্ত কাক। **অসদ্ধম্মো** — evil state. **সমন্নাগত** (সম্ + অহু + আ + গম্) — সমন্বিত, endowed. **লাভগ্‌গ যসগ্‌গ পত্তো** — (লাভ + অগ্‌গ + যস + অগ্‌গ + পত্তো) লাভ-বশঃ প্রাপ্ত, height of gain and glory. **অহোসি** — হইয়াছিল। **অজ্জতনী**, প্রথমপুরুষ একবচন। **বিকল্পে অজ্জতনীতে প্রথমপুরুষ একবচনে** কখন কখন ‘অহুবা’ হয়। বর্তমান কালে একবচনে ‘হোতি’ (√ হু — to be, হওয়া)।

তে বাণিজ্য — সেই বণিকেরা। গহেত্বা — লইয়া। অচ্চরা — snapping of the finger, তুড়ি দেওয়া। বস্‌সতি (√বস্) রব করে। সিক্‌থাপেত্বা — শিক্ষা করাইয়া। নিজন্ত ধাতু। ধুরে — On the prow, head. ঠত্বা — দাঁড়াইয়া (√ঠা+ত্বা)। নিচ্ছরেত্বা — বাহির করিয়া। নচ্চি — নাচিয়াছিল। পক্‌থে বিহুনিত্বা — পাখা বিস্তার করিয়া, পাখা মেলিয়া।

বঙ্গানুবাদ :

অত্র পক্ষীদের অবর্তমানে দশ প্রকার অধর্মযুক্ত কাক লাভ ও যশ প্রাপ্ত হইয়াছিল। দ্বিতীয় বারে সেই বণিকেরা একটি শিক্ষিত ময়ূররাজা লইয়া আসিয়াছিল। ময়ূরটি আঙ্গুলের তুড়ি দিলে রব করিত এবং হাত তালি দিলে নৃত্য করিত। সে (ময়ূরটি) মহাজনসমাগমের সম্মুখে নৌকার অগ্রভাগে দাঁড়াইয়া পক্ষ বিস্তার করিয়া কেকাধ্বনি করিত।

॥ ৪ ॥

মনুস্মৃতং দিষ্টা সোমনসস্‌জাতা “এতং অয্যো সোভগ্‌গপত্তং স্মসিক্‌খিত-সকুণরাজানং অম্‌হাকং দেখা”তি আহংসু। “অম্‌হেহি পঠমং কাকো আনীতো ; তং গণ্‌হিথ, ইদানি এতং মোর-রাজানং আনয়িম্‌হ, এতং পি যাচথ, তুম্‌হাকং রটেঠ সকুণং নাম গহেত্বা আগন্তং ন স্ক্‌থা”তি।

শব্দার্থ ও টীকা : দিষ্টা — দেখিয়া, (present participle √দিস্ = √পস্ — to see)। সোমনসস্‌জাতা — আনন্দিত। অম্‌হাকং — আমাদেরকে। আহংসু বলিয়াছিল। অজ্জতনী, প্রথমপুরুষ, বহুবচন। √অহ — ‘to say’ lit. ‘to breath’, প্রথমপুরুষ একবচনে ‘আহ’ হয়। ইদানি — এখন। আনয়িম্‌হ — আনিয়াছিলাম। উত্তমপুরুষ বহুবচন। যাচথ — যাচ্‌ঞ কর। আগন্তং — আসিতে, (Infinitive √গম্ — to go)। গণ্‌হিথ — গ্রহণ করিয়াছিলে। মধ্যমপুরুষ বহুবচন। সোভগ্‌গপত্তং — সোভাগ্যপ্রাপ্ত। স্মসিক্‌খিত ময়ূর রাজানং — উত্তমরূপে শিক্ষিত ময়ূর রাজাকে। দ্বিতীয়া বিভক্তির একবচন। এখানে সম্ভ্রামার্থে বহুবচন হইয়াছে।

বঙ্গানুবাদ :

মানুষেরা তাহা দেখিয়া আনন্দিত হইয়া বলিল, “মহাশয়, এই সৌভাগ্যশালী সুশিক্ষিত ময়ূররাজটি আমাদিগকে দিন।”

“আমরা প্রথমে কাক লইয়া আসিয়াছিলাম, তাহা লইয়াছিলে ; এখন ময়ূররাজ আনিয়াছি, ইহাও যাচঞা করিতেছ ; তোমাদের দেশে পক্ষী লইয়া আসা সম্ভব হইবে না।”

॥ ৫ ॥

“হোতু অয্যো অন্তনো রট্টে অঞ্ঞং লভিস্‌সথ, ইমং নো দেথা”তি মূলং বড্‌ঢেহা সহস্‌সেন গহিংসু । অথ নং সত্তরতন-বিচিত্তে পঞ্জরে ঠপেহা মচ্ছ-মংস-ফলাফলেহি চেব মধু-লাজ-সক্‌খরা-পানকাদীহি পটিজগ্‌গিংসু । ময়ূর রাজা লাভগ্‌গযসগ্‌গ-প্তত্তো জাতো । তস্‌সাগতকালতো পট্‌ঠায় কাকস্‌স লাভ সক্‌খারো পরিহায়ি, কোচি নং ওলোকেতুং পি ন ইচ্ছতি । কাকো খাদনিয়ং-ভোজনিয়ং অলভমানো ‘কাকা’তি বস্‌সন্তো গম্বা উকার ভুমিয়ং ওতরি ।

শব্দার্থ ও টীকা : হোতু — হউক । পঞ্চমী প্রথম পুরুষ একবচন । (হ্ — to be) । অন্তনো — নিজে । ইমং — ইহাকে । নো — আমাদিগকে । দেথ — দাও । অঞ্ঞং — অণ্ড একট । লভিস্‌সথ — পাইবে । মধ্যম পুরুষ বহুবচন । (√লভ্ — to obtain) । বড্‌ঢেহা — বাড়াইয়া । গহিংসু — লইয়াছিল । অজ্জতনী, প্রথম পুরুষ বহুবচন । (√গহ্ — ‘to take’) । ঠপেহা — স্থাপন করিয়া । মূল্যং — মূল্য । পট্‌ঠায় — (প্র + √স্থ — ‘from’, ‘setting out from.’) তস্‌সাগতকালতো পট্‌ঠায় — তাহার আগমন অবধি । পরিহায়তি — কমিয়া যায়, diminishes. (পরি + হা) Causative পরিহাপেতি । ওলোকেতুং — দর্শন করিতে, অবলোকন করিতে । Infinitive. ন ইচ্ছতি — ইচ্ছা করিল না । খাদনিয়ং — খাণ্ড (what can be chewed) । ভোজনিয়ং — ভোজ্য, (soft food) । অলভমানো — না পাইয়া । Present participle. বস্‌সন্তো — রব করিতে, করিতে, কা কা করিতে করিতে । গম্বা — যাইয়া, Present participle (√গম্ —

to go)] উক্ত ভূমিষ্ণু — ‘dungill.’ অৰ্ধমাগধীতে ‘উচ্চাৰভূমিষ্ণু’। উচ্ছষ্ট ভূমিতে। ওতরি √অবতরি—অবতরণ করিম। অজ্জতনী, প্রথম পুরুষ, একবচন।

বঙ্গানুবাদ :

“(তা) হটক আৰ্য, আপনাদের দেশে অত্র একটি পাইবেন। এইটি আমা-
দিগকে দিন” এইরূপে মূল্য বাড়াইয়া সহস্র টাকায় ক্রয় করিল। অতঃপর উহাকে
সপ্তরত্ন খচিত, বিচিত্র পিঞ্জরে স্থাপন করিয়া মৎস্য, মাংস, ফলমূল এবং মধু, ঋই,
গুড় ও পানীয় দ্বারা তাহার পরিচর্যা করিয়াছিল। ময়ূররাজ লাভ ও যশ প্রাপ্ত
হইল। তাহার আগমন অবধি কাকের লাভ ও সৎকার কমিয়া গেল। কেহ তাহাকে
অবলোকন করিতেও ইচ্ছা করিল না। কাক খাদ্য ও ভোজ্য না পাইয়া ‘কা কা’
রব করিতে করিতে উচ্ছষ্ট ভূমিতে অবতরণ করিল।

॥ জবসকুণ-জাতক ॥

[পালি]

॥ ১ ॥

অতীতে বারাণসিয়ং ব্রহ্মদত্তে রজ্জং কারেত্তে বোধিসত্তো হিমবন্ত-পদেসে
রুক্থ কোট্টক সকুণো ছত্তা নিব্বত্তি । অথ একস্স সীহস্স মংসং খাদন্তস্স
অট্ঠি গলে লগ্গি, গলো উদ্ধুমায়ি, গোচরং গণ্হিতুং ন সঙ্কোতি, খরা
বেদনা বত্তন্তি ।

শব্দার্থ ও টীকা : বারাণসিয়ং — < বারানসাম, অর্ধমাগধী 'বারাণসীতে ।
সপ্তমীর একবচন । ব্রহ্মদত্তে রজ্জং কারেত্তে—রাজা ব্রহ্মদত্তের রাজত্ব কালে ।
Nominative absolute. বোধিসত্তো—বুদ্ধাকুর, কুমার শাক্য-সিংহের
বুদ্ধত্বলাভ করার পূর্ব পর্যন্ত তাহাকে বোধিসত্ত্ব নামে অভিহিত করা হইত ।
ছত্তা—হইয়া । অর্ধমাগধী 'হোত্তা' । নিব্বত্তি—জন্মগ্রহণ করিয়াছিল । প্রথম পুরুষ,
অজ্জতনী একবচন । (নিঃ+বৃৎ) । সৌরসেনী 'নিবট্টদি' । সিহস্স—সিংহের ।
ষষ্ঠী বিভক্তির একবচন । মহারাষ্ট্রীতে 'সীহ' হয় । একস্স সীহস্স মংসং খাদন্তস্স
—সিংহ ষখন মাংস খাইতেছিল, (dative of absolute construction) ।
অট্ঠি < অস্থি > হাড়ি । গলে < গলায় । লগ্গি — লাগিয়াছিল । অজ্জতনী
প্রথম পুরুষ একবচন । উদ্ধুমায়ি—ফুলিয়া গিয়াছিল, অজ্জতনী প্রথম পুরুষ একবচন,
বর্তমানে উদ্ধুমায়তি=উদ্ধুমায়তে । গোচরং—শিকার খাওয়া । গণ্হিতুং—গ্রহণ করিতে ।
Infinitive সৌরসেনী 'গেণ্হিতুং' (—গহ—to take, অন্বেষণ করা) । সঙ্কোতি—
সক্ষম হওয়া, সৌরসেনী 'সক্কোদি,' জৈন মহারাষ্ট্রী 'সকৈ,' 'সকেই' । বত্তন্তি—
বর্তমান থাকে, হয় । সৌরসেনী 'বট্টন্তি' । খরা—প্রথর, severe ।

বঙ্গানুবাদ :

অতীতে বারাণসীতে রাজা ব্রহ্মদত্তের রাজত্বকালে বোধিসত্ত্ব হিমাচল প্রদেশে
কাঠ-ঠোকরা পাখী হইয়া জন্ম গ্রহণ করিয়াছিলেন । অতঃপর একদিন একটি

সিংহ মাংস ভক্ষণ করিবার সময় অস্থি গলায় লাগিয়াছিল। গলা ফুলিয়া গিয়াছিল। শিকার গ্রহণ করিতে পারিতেছিল না। তীক্ষ্ণ বেদনা অনুভূত হইল।

॥ ২ ॥

অথ নং সো সকুণো গোচর পস্তুতো দিস্বা সাখায় নিলীনো “কিস্তে সম্ম ছকখ তী”তি পুচ্ছি। সো তং অখং আচিক্খি “অহং তে সম্ম এতং অট্টিং অপনেয্যং, ভয়েন তে মুখং পবিসিতুং ন বিসহামি, খাদেয়্যাসি পি মন”তি। “মা ভায়ি সম্ম, নাহং তং খাদামি, জীবিতং মে দেহী”তি।

শব্দার্থ ও টীকা : অথ—শৌরসেনী ‘অধ’। নং—তাহাকে। গোচর। পস্তুতো—in search of food. শিকার অন্বেষণে। দিস্বা—দেখিয়া অধ’মাগধী ‘দিস্‌সা,’ ‘দিস্‌স,’ ‘দিস্‌সং’। নিলীনো—‘Perched,’ past participle from ‘নিলীয়তি’ c.w. শৌরসেনী ‘নিলীয়মাণ। সম্ম—বন্ধু, বয়স্। পুচ্ছি—জিজ্ঞাসা করিল। আচিক্খি—(আ+খ্যা—reduplicated) বলিল। অজ্জতনী প্রথম পুরুষ একবচন। বর্তমানে ‘অচিক্খতি’। tells, informs. অধ’মাগধী ‘আইক্খই’। অপনেয্যং—অপনয়ন যোগ্য। শৌরসেনী ‘অবণেঅং’, অধ’মাগধী ‘অবণেজ্জা’। বিসহামি (বি+সহ)—সাহস করি। বর্তমান, উত্তমপুরুষ একবচন। প্রথম পুরুষ একবচনে ‘বিসহতি’—‘dares’, ‘is able’। খাদেয়্যাসি—খাইবে। সম্মী, মধ্যম পুরুষ একবচন। ভায়ি—ভয় করিও না। খাদামি—খাইব। দেহি—দাও। জীবিতং—জীবন।

বঙ্গানুবাদ :

সেই পাখী শিকার অন্বেষণে বাহির হইয়া বৃক্ষ শাখায় বুলায়মান অবস্থায় তাহাকে দেখিয়া বলিল, “সৌম্য, কি তোমার ছুঃখ?” সে তাহার কারণ জানাইল। পক্ষীটি আবার বলিল, “এই অস্থিটি অপনয়ন যোগ্য, ভয়ে তোমার মুখে প্রবেশ করিতে সাহস করিতেছি না। পাছে তুমি আমাকে খাইয়া ফেল।” “বন্ধু, ভয় করিও না। আমি তোমাকে খাইব না। আমার জীবন দান কর।”

॥ ৩ ॥

সো “সাধু” তি তং পস্মেন নিপজ্জাপেত্তা “কো জানাতি কিং পেস্ করিস্সতী” তি চিস্তেত্তা যথা মুখং পিদহিতুং ন সন্ধুখোতি তথা তস্স অধরোট্টে চ উত্তরোট্টে চ দণ্ডকং ঠপেত্তা মুখং পবিসিত্তা অট্টিকোট্টিং তুণেন পহরি। অট্টি পতিত্তা গতং। সো অট্টিং পাতেত্তা সীহস্স মুখতো নিক্খমন্তো দণ্ডকং তুণেন পহরিত্তা পাতেন্তো নিক্খমিত্তা সাথগেগা নিলীয়ি।

শব্দার্থ ও টিকা : নিপজ্জাপেত্তা—শোয়াইয়া, Causative (নি+পদ) Present tense 3rd person sing, number “নিপজ্জতি”। করিস্সত্তি—করিবে। (√কর — to do) ॥ পিদহিতুং — বন্ধ করিতে। Infinitive from পিদহতি (পি+ধা) ॥ সন্ধুখোতি—সক্ষম হয়। ঠপেত্তা—স্থাপন করিয়া। পবিসিত্তা—প্রবেশ করিয়া। পতিত্তা—পড়িয়া, Present Participle. পাতেত্তা—ফেলাইয়া, অপসারণ করাইয়া Causative verb। মুখতো—মুখ হইতে। নিক্খমন্তো — বাহির করিবার জন্ত।

বঙ্গানুবাদ :

সে সাধুবাদের সহিত সম্মত হইয়া তাহাকে এক পাশ্বে শোয়াইয়া “কে জানে কি করে” এই মনে করিয়া (সিংহ) যাহাতে মুখ বন্ধ করিতে না পারে তজ্জন্ত গুপ্ত ও নীচের অধরের মধ্যে দণ্ড স্থাপন করিল। (তৎপর) মুখে প্রবেশ করিয়া অস্থি খণ্ডটি চক্ষুর দ্বারা আঘাত করিল। অস্থিখানি পড়িয়া গেল। সে অস্থি ফেলাইয়া সিংহের মুখ হইতে দণ্ডটি অপসারণ করিয়া বাহির হইয়া শাখায় আশ্রয় গ্রহণ করিল।

॥ ৪ ॥

সীহো নীরোগো হুত্তা এক দিবসং বনমহিসং বধিত্তা খাদতি। স্কুণো “বিমংসিস্সামি নন” তি তস্স উপরিভাগে সাথায় নিলীয়িত্তা তেন সন্ধিং সল্পপন্তো পঠমং গাথং আহ :

‘অকরমসে তে কিচ্চং যং বলং অহুবমসে,
মিগরাজ নমো ত্য-অথু, অপি কিঞ্চি লভামসে।’

তং স্তুহা সীহো ছুতিয়ং গাথং আহ :

“মম লোহিত-ভক্খস্‌স নিচ্চং লুদ্ধানি কুব্‌বতো,
দন্ত'ন্তুরগতো সন্তো তং বহ্‌ং যং হি জীবসী”তি ।

তং স্তুহা সকুণো ইতরা দে গাথা অভাসি :

“অকতঞ্‌ঞুং অকত্তারং কতস্‌স অল্পটিকারকং,
যস্মিং কতঞ্‌ঞু তা নথি নিরথা তস্‌স সেবনা ।
যস্‌স সম্মুখ-চিল্লেন মিত্তথস্মো ন লব্‌ভতি
অনুসুঘ্যং অনকোসং সনিকং তম্‌হা অপকমে ।”

এবং বহ্বা সো সকুণো পক্কামি ।

শব্দার্থ ও টীকা : স্তুহা — হইয়া । বধিভ্‌য়া — বধ করিয়া । খাদতি — খাইতেছে । বিমংসিস্‌সামি — পরীক্ষা করিব । ভবিস্‌সন্তী, উত্তম পুরুষ একবচন ; বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে ‘বিমংসতি’ ‘বিসংসতে’ । সল্পপন্তো — আলাপ করিবার অঙ্গ । অকরমসে — অজ্ঞতনী, আত্মনেপদী ক্রিয়া । বর্তমান কালে প্রথম পুরুষ একবচনে ‘করোতি’ (√কর — to do) । অহবম্‌হসে — (√হ — to be) Past Imperfect tense, First person singular, ত্যথু (তে+অথু) লভামসে — লাভ করি । পঞ্চমী, উত্তম পুরুষ একবচন । আত্মনেপদী ক্রিয়া । লোহিত-ভক্‌খস্‌স — রক্তপিপাসুর । কুব্‌বন্তো — Present participle of ‘করোতি’ (√কর — to do, করা) । নিচ্চং √শিত্য — সব সময় । দন্ত'ন্তুরো — মুখের ভিতরে । লুদ্ধানি — মিষ্টরতা, হিংস্র কার্য, (লুদ্ধানি) । গতো — যাইয়া । সন্তো — ‘Present participle of ‘অথি’, পুংলিঙ্গ । জীবসি — জীবিত আছ মধ্যমপুরুষ একবচন, বর্তমানকাল । তং বহ্‌ং যং হি জীবসি — It is much for you that thou livest. ইতরা — other. অভাসি — বলিল । অজ্ঞতনী বর্তমান কালে প্রথমপুরুষ ‘ভাসতি’ — Speaks. অকতঞ্‌ঞু — অকৃতজ্ঞ । কতঞ্‌ঞু < কৃতজ্ঞ grateful. চিল্ল < চীর্ণ, present perfect participle of √চয় — চরতি । Here it means ‘a deed done in a person’s presence, so, a personal kindness.’ কতঞ্‌ঞু তা — কৃতজ্ঞতা । সনিকং — আশু আশু (শনৈঃ)

it may mean 'slowly', 'gently', softly' etc. ক্রিয়াবিশেষণ। তন্মা < তন্মাং। নিরুখ — অর্থহীন। তস্ সেবনা — তাহার পরিচর্যা। মিত্রধন্য — মিত্রধর্ম। অনুল্লঘ্যং — (ন + উল্লঘ্যং) not envious, অশূয়া শূত্র চিত্তে।

বঙ্গানুবাদ :

সিংহ নীরোগ হইয়া একদিন বন মহিষ বধ করিয়া খাইতেছিল। পক্ষীটি উহার উপরিভাগে বৃক্ষে অবস্থান করিবার সময় (সিংহকে) 'পরীক্ষা করিব' এই মনে করিয়া তাহার সহিত আলাপ করিবার ছলে প্রথম গাথা বলিল; "আমার সাধ্যানুসারে তোমার উপকার (কর্তব্য) করিয়াছি। হে যুগরাজ, তোমাকে নমস্কার, আমি কিঞ্চিং পাব কি?"

তাহা শুনিয়া সিংহ দ্বিতীয় গাথা বলিল :

"আমার রক্ত পিপাসু জিহ্বা হিংস্র কার্য করিবার জন্ত সর্বদা উন্মুখ। (এমতাবস্থায়) মুখের ভিতরে যাইয়া এখনও জীবিত আছ ইহাই যথেষ্ট।"

ইহা শুনিয়া পাখীটি তৃতীয় গাথা বলিল :

"অকৃতজ্ঞ কৃতল্প, যে উপকারীর উপকার স্বীকার করে না, যার কৃতজ্ঞতা নাই তার সেবা করা বৃথা।

যাহার সম্মুখে মিত্র ব্যবহার আশা করা যায় না তাহার উপর কোনরূপ অশূয়া বা আক্রোশ না করিয়া ধীরে চলিয়া যাওয়াই উত্তম।"

॥ নাগসেন ও মিলিন্দ ॥

(মিলিন্দ পঞ্‌হো)^১

[পালি]

॥ ১ ॥

রাজা আহ : “ভন্তে নাগসেন, কেন কারণেন মনুস্‌সা ন সবেব সমক্‌কা ; অঞ্‌ঞে অগ্‌গায়ুক্‌কা অঞ্‌ঞে দীঘায়ুক্‌কা, অঞ্‌ঞে বব্‌হাভাভা অঞ্‌ঞে অগ্‌গাভা অঞ্‌ঞে ছুব্বগ্‌গা অঞ্‌ঞে বগ্‌গবন্তো অঞ্‌ঞে অগ্‌গেসক্‌থা অঞ্‌ঞে মহেসক্‌থা অঞ্‌ঞে অগ্‌গভোগা অঞ্‌ঞে মহাভোগা, অঞ্‌ঞে নীচকুলীনা অঞ্‌ঞে মহাকুলীনা, অঞ্‌ঞে ছুপ্পঞ্‌ঞে অঞ্‌ঞে পঞ্‌ঞেবন্তোতি ।

শব্দার্থ ও টীকা : আহ — বলিল । (বৈদিক আহ/ক্র—to speak), he began to speak. কেন কারণেন — কি কারণে । হেতুর্থে তৃতীয়া । সমক্‌কা— সমান । অঞ্‌ঞে — অগ্রে, কেহ কেহ । অগ্‌গায়ুক্‌কা — অল্প আয়ু সম্পন্ন, ‘short lived’ (কত্, বহুবচন) । দীঘায়ুক্‌কা — দীর্ঘায়ু, ‘long lived’ । বব্‌হাভাভা = (বহ+আভাভা) — বিত্তশালী, প্রচুর লাভী, ভাগ্যবান্ । অগ্‌গাভা — অল্প-ব্যাধি । ছুব্বগ্‌গা — বর্ণহীন, ‘dark complexion. বগ্‌গবন্তো — সুন্দর । অগ্‌গেসক্‌থা— (সং অল্প+ঈশ+আখ্যা) অল্প সক্ষম, insignificant. মহেসক্‌থা — মহা ক্ষমতাশালী, illustrious, প্রভাবশালী । অগ্‌গভোগা—দরিদ্র (অল্পভোগ যাদের), Poor. মহাভোগা rich. নীচকুলীনা — নীচকুলে জাত, ‘born of a low family’. মহাকুলীনা—উচ্চসম্প্রদায়ে যাদের জন্ম, ‘Come of a noble family’. পঞ্‌ঞেবন্তো — জ্ঞানী, meritorious, intelligent. ছুপ্পঞ্‌ঞে — দুশ্শব্দ, (‘dull headed’), অল্পবুদ্ধি সম্পন্ন ।

১. V. Trenckner : *The Milinda Panho*, The Royal Asiatic Society, London, 1928, Pp. 65—67.

বঙ্গানুবাদ :

রাজা বলিলেন, “ভস্তুে কি কারণে মান্নুষেরা সকলে সমান নয়? কেহ অল্পায়ু, কেহ দীর্ঘায়ু, কেহ বহুলাভী, কেহ রুগ্ন, কেহ দুর্বল, কেহ সুন্দর, কেহ অল্প ক্ষমতামালা, কেহ মহাক্ষমতামালা, কেহ গরীব, কেহ ধনী, কেহ নীচকুলে জাত, কেহ উচ্চকুলে জাত, কেহ অল্পবুদ্ধি সম্পন্ন কেহ প্রজ্ঞাবান্।”

॥ ২ ॥

থের আহ : “কিস্ পন মহারাজ—রুক্ষা ন সবেব সমকা? অঞ্‌ঞে অস্থিলা, অঞ্‌ঞে লবণা, অঞ্‌ঞে তিত্তকা, অঞ্‌ঞে কটুকা, অঞ্‌ঞে কসাৰা, অঞ্‌ঞে মধুরাতি।”

শব্দার্থ ও টীকা : থেরো, — (স্থবির:) — বয়স্ক ভিক্ষু। অশোকলিপি থের<‘থইর’। রুক্ষা = রুক্ষ (সংস্কৃত রুক্ষা:)। গাছগুলি। প্রাচীন বাংলা কথা। সমকা — সমান। অস্থিলা — অম্ল, ‘Sour’। অম্ল▷ অম্বল। অস্থিল c.w. বাংলা ‘অম্বল’। কিস্— কেন, why. c.w. প্রাচীন বাংলা কীস, আধুনিক বাংলা ‘কিসে’। লবণা — লবণাক্ত। তিত্তকা — তিত্ত, bitter কটুকা — কটু, ‘Pungent’। কসাৰা (= কষায়:) — কষায়।

বঙ্গানুবাদ :

থের বলিলেন, “মহারাজ, সব গাছগুলি একরূপ হয় না কেন? কোনটা অম্ল, কোনটা লবণাক্ত, কোনটা তিত্ত, কোনটা কটু, কোনটা কষায়, কোনটা মধুর?”

॥ ৩ ॥

রাজা : “মঞ্‌ঞামি ভস্তুে বীজানং নানাকারণেনাতি।”

নাগসেন : এবং এব খো মহারাজা কস্মানং নানাকারণেন মনুস্সা ন সবেব সমকা : অঞ্‌ঞে অম্পায়ুকা অঞ্‌ঞে দীঘায়ুকা, অঞ্‌ঞে

বহুবাধা অঞ্ৰে অগ্নাবাধা, অঞ্ৰে ছবব্ৰা অঞ্ৰে বগবন্তো অঞ্ৰে
অগ্নেসক্খা অঞ্ৰে মহেসক্খা অঞ্ৰে অগ্নভোগা অঞ্ৰে মহাভোগা
অঞ্ৰে নীচকুলীনা অঞ্ৰে মহাকুলীনা অঞ্ৰে দুপ্পঞ্ৰা অঞ্ৰে
পঞ্ৰাবন্তো। ভাসিতং পি' এতং মহারাজ ভগবতা : কন্মস্জকা মাণবসত্তা
কন্মদায়াদা কন্মযোনি কন্মবন্ধু কন্মপটিসরণা। কন্মং সত্তে বিভজ্জতি যদিদং
হীনপ্পনীতায়্য"তি।

শব্দার্থ ও টীকা : মঞ্ৰেগামি — মনে করি। বীজামং নানাকারণেনাতি—
বীজের বিভিন্নতা হেতু। ভন্তে <ভদন্ত (১) ভাসিতং — বলা হইয়াছে। ভগবতা —
ভগবান্ কতৃক। তৃতীয়ার একবচন। কন্মস্জকা (=কর্মস্বকা:) Bound by
one's own action. কন্মদায়াদা — কর্মের দায়াদ, Successors to Karma.
কন্মযোনি — কর্মযোগী, 'Originating from Karma. কন্মবন্ধু — কর্মই বন্ধু
Bound by Karma. কন্মপটিসরণা — কর্মই প্রতিস্মরণ — having refuge in
Karma. সত্তে — প্রাণীদিগকে, মানব : সত্তা (=মানব সত্তা)-human beings.
বিভজ্জতি — বিভাগকরে, directs. হীনপ্পনীত — উচ্চনীচ, (তৃতীয়ার একবচন,
স্ত্রী লিং) by the state of inferiority or excellence.

বজ্জানুবাদ :

রাজা বলিলেন : “ভন্তে, আমি মনে করি বীজের বিভিন্নতা হেতু।”
নাগসেন : “এই কারণেইহে মহারাজ, কর্মের বিভিন্নতা হেতু মানুষেরা সবাই সমান
নয়। কেহ অল্পায়ু, কেহ দীর্ঘায়ু, কেহ বেশী রুগ্ন, কেহ অল্প রুগ্ন, কেহ দুর্বর্ণ, কেহ
সুন্দর, কেহ অল্পসক্ষম, কেহ ক্ষমতাশালী, কেহ মহাভোগী, কেহ অল্পভোগী,
কাহারও জন্ম নীচকুলে, কাহারও উচ্চ বংশে। কেহ ছুপ্রজ্ঞ, কেহ প্রজ্ঞাবান্।
ভগবান্ কতৃক ও হে মহারাজ, এইরূপ বলা হইয়াছে : “কর্মই মানুষের আপন,
মানুষ কর্মের অধিকারী, কর্মযোগী, কর্মবন্ধু, কর্মই মানুষের প্রতিস্মরণ। কর্মই
প্রাণীগণকে বিভাগকরে যেমন : হীন প্রনীত।” অর্থাৎ ভালমন্দ বা উচ্চনীচ।

॥ ৪ ॥

রাজা আহ : “কল্লো সি ভন্তে নাগসেনাতি । ভন্তে নাগসেন তুম্হে
ভণথ : কিন্ তি ইমং ছুখং নিরুজ্জোয্য অঞ্‌ঞং চ ছুখং ন
উপ্পজ্জোয্যাতি ।”

নাগসেন : “এতদথা মহারাজ অম্হাকং পব্বজ্জাতি ।”

রাজা : “কিং পটিগছেব বায়মিতেন, নহু সম্পত্তে কালে বায়মিতব্বং তি ।”

নাগসেন : “সম্পত্তে কালে মহারাজ বায়ামো অকিচ্চকরো ভবতি, পটিগছেব
বায়ামো কিচ্চকরো ভবতি ।”

রাজা : “ওপম্মং করোহীতি ।”

শব্দার্থ ও টীকা : কল্লোসি — সুদক্ষ, Clever, expert, wise.
ভণথ — বলিয়াছেন । [(√ভণ — to speak, to tell.) মধ্যম পুরুষ বহুবচন,
বর্তমান ভণতি] নিরুজ্জোয্য — নিরুদ্ধহয়, সপ্তমী, একবচন, প্রথম পুরুষ ।
উপ্পজ্জোয্যা — উৎপন্ন হয়, may arise. এতদথা — ইহার জ্ঞা । অম্হাকং
পব্বজ্জা — আমাদের প্রব্রজ্যা । পটিগচ্চ (= প্রতিকৃত্য, gerund), পূর্ব হইতে,
সময় থাকিতে, ‘anticipating in advance’, Note the voicing of ‘k’.
বায়মিতেন — (৩য় একবচন, ব্যায়মিতেন), উত্তম, চেষ্টা, effort, exertion.
সম্পত্তে কালে — ঠিক সময়ে, শেষ সময়ে, (at the actual time of happening).
বায়মিতব্বং — উত্তম করা উচিত । কিচ্চকরো — কৃত্যকর, ফলপ্রসূ, effective.
অকিচ্চকরো — ineffective. ওপম্মং — উপমা, Analogy (aupamyang).
করোহি — কর, পঞ্চমীর একবচন,

বঙ্গানুবাদ :

রাজা বলিলেন, “সুদক্ষ, ভন্তে নাগসেন । ভন্তে নাগসেন, আপনি বলিয়াছেন ; কি
করিয়া এই দুঃখ নিরুদ্ধ হইবে, অপর দুঃখ উৎপন্ন হইবে না ।”

নাগসেন : “এই জ্ঞানই হে মহারাজ, আমাদের প্রব্রজ্যা ।”

রাজা : “পূর্বকৃত উত্তম কার্যকরী অথবা সম্প্রাপ্তকালে কার্যকরী ।”

নাগসেন : “সম্প্রাপ্তকালের উত্তম কার্যকরী হয় না, পূর্বকৃত উত্তমই কার্যকরী হয়।”

রাজা : “উপমা দিন।”

॥ ৫ ॥

নাগসেন : “ত্বং কিং মএৎঞসি মহারাজ : যদা ত্বং পিপাসিতো ভবেয়্যাসি তদা ত্বং উদপানং খণাপেয়্যাসি তলাকং খণাপেয়্যাসি : পানীয়ং পিবিস্সামীতি।”

রাজা : “নহি ভস্তুতি।”

নাগসেন : “এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি পটিগচ্চ'ব বায়ামো কিচ্চকরো ভবতি।”

রাজা : “ভিয্যো ওপন্নং করোহীতি।”

নাগসেন : “তং কিং মএৎঞসি মহারাজ : যদা ত্বং বুভুক্খিতো ভবেয়্যাসি তদা খেত্তং কসাপেয়্যাসি সালিং রোপাপেয়্যাসি ধএৎঞং অতিহরাপেয়্যাসি : ভত্তং ভুঞ্জিস্সামীতি।”

শব্দার্থ ও টীকা : যদা — যখন। ত্বং — তুমি। পিপাসিতো — তৃষ্ণার্ত। ভবেয়্যাসি — হও। মধ্যম পুরুষ, একবচন, সত্তমী। (√ভূ—to be)। উদপানং — tank, পুকুরিণী। খণাপেয়্যাসি — খনন করান। নিজন্ত, ৭মীর একবচন, মধ্যম পুরুষ। তলাকং — দীবি। পিবিস্সামীতি — পান করিব। উত্তম পুরুষ, একবচন, ভবিস্সস্তী। কিচ্চকরো — কৃত্যকর, effective. ভিয্যো — অধিক, again, পুনরায়। করোহি — করন। পঞ্চমী মধ্যম পুরুষ, একবচন (√কু—to do)। বুভুক্খিতো — ক্ষুধার্ত। কসাপেয়্যাসি — কর্ষণ করান, ‘would cause to plough’. (সত্তমী, মধ্যম পুরুষ, একবচন (√কৃষ্—নিজন্ত)। সালিং — ধান্য। রোপাপেয়্যাসি— রোপণ করান, ‘cause to plant’. ধএৎঞং — ধাতু। অতিহরাপেয়্যাসি — সংগ্রহ করান, ‘may cause to collect’. [৭মী, মধ্যম পুরুষ, একবচন (অতি— √হু—causative)]। ভত্তং — ভাত। ভুঞ্জিস্সামীতি — ভোজন করিব। ভবিস্সস্তা, উত্তম পুরুষ একবচন।

বঙ্গানুবাদ :

নাগসেন : “হে মহারাজ, আপনি কি মনে করেন যখন পিপাসিত হন তখন জল পান করিবার জন্ত পুষ্করিণী বা সরোবর খনন করান ?”

রাজা : “না ভণ্ডে ।”

নাগসেন : “এই রকমই হে মহারাজ, সম্প্রাপ্তকালের উত্তম অকিঞ্চিৎকর ; পূর্বকৃত্য উত্তমই কার্যকরী ।”

রাজা : “আরও একটি উদাহরণ দিন ।”

নাগসেন : “আপনি কি মনে করেন মহারাজ, যখন আপনি ক্ষুধার্ত হন তখন অন্ন গ্রহণ করিবার জন্ত ক্ষেত্র কর্ষণ করান, ধান্য বপন বা সংগ্রহ করান ?”

॥ ৬ ॥

রাজা : “নহি ভণ্ডেতি ।”

নাগসেন : “এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি পটিগচ্ছে ব বায়ামো কিচ্চকরো ভবতী”তি ।

রাজা : “ভিয্যো ওপস্মং করোহীতি ।”

নাগসেন : “তং কিং মএৎএসি মহারাজ : যদা তে সঙ্গামো পচ্চুপট্ঠিতো ভবেয়্য তদা ঙ্গ পরিখং খণাপেয়্যাসি পাকারং কারাপেয়্যাসি গোপুরং কারাপেয়্যাসি অট্ঠালকং কারাপেয়্যাসি ধএৎএং অতিহরাপেয়্যাসি তদা ঙ্গ হথিস্মিং সিক্খেয়্যাসি অস্‌স্মিং সিক্খেয়্যাসি রথস্মিং সিক্খেয়্যাসি ধনুস্মিং সিক্খেয়্যাসি তরুস্মিং সিক্খেয়্যাসী”তি ।

শব্দার্থ ও টীকা । পটগচ্ছে ব — পূর্বকৃত সময় থাকিতে, পূর্ব হইতে । সঙ্গামো — যুক্ত । পচ্চুপট্ঠিতো — উপস্থিত । ভবেয়্য — হয় । সত্তমী প্রথম পুরুষের একবচন । বহুবচনে ভবেয়্যং । পরিখং — পরিখা, moat. অট্ঠালকং — অট্টালিকা, ‘building with balcony or latic.’ ধএৎএং — ধাতু ।

সিকথেঘ্যাসি — হস্তিগুলিকে শিক্ষা দেওয়ান অর্থাৎ would (you) train (men riding on) the elephant.’ অস্‌সন্নিং — অশ্বদিগকে।
ধরুসন্নিং — swordman, সপ্তমী বিভক্তির একবচন। ধনুসন্নিং — তিরন্দাজদের।
অতিহরাপেঘ্যাসি — সংগ্রহ করান। সপ্তমী মধ্যম পুরুষ, একবচন।

বঙ্গানুবাদ :

রাজা : “না ভস্তে ।”

নাগসেন : “এই রকমই মহারাজ সম্প্রাপ্তকালের প্রচেষ্টা ফলপ্রসূ হয় না।
পূর্বকৃত্য প্রচেষ্টাই কার্যকরী ।”

রাজা : “অন্য একটি উদাহরণ দিও”

নাগসেন : “মহারাজ, আপনি কি মনে করেন : যখন যুদ্ধ একান্তই সমাগত প্রায়
তখন কি আপনি পরিখা খনন করান, গোপুর নির্মাণ (গরদ্বার)
করান, অট্টালিকা (watch-tower) প্রস্তুত করান, ধাতু সংগ্রহ
করান? তখন আপনি কি হস্তী, অশ্ব, রথ, ধনুধারী ও তরবারি-
ধারীদের শিক্ষার ব্যবস্থা করান?”

॥ ৭ ॥

রাজা : “নহি ভস্তেতি ।”

নাগসেন : “এবমেব খো মহারাজ সম্পত্তে কালে বায়ামো অকিচ্চকরো ভবতি
পটিগচ্চেব বায়ামো কিচ্চকরো ভবতি । ভাসিতং পি এতং ভগবতা :

পটিগচ্চেব তং কয়িরা যং জঞ্‌ঞা হিতং অন্তনো,

ন সাকটিকচিস্তায় মস্তাধীরো পরক্কমে ।

যথা সাকটিকো নাম সমং হিত্বা মহাপথং,

বিসমং মগগং আরুঘ্‌হ অক্‌খচ্ছিন্নো ব বায়তি ।

এবং ধম্মা অপক্কম্ম অধম্মং অনুবত্তিয়া

মনো মচ্চুমুখং পত্তো অক্‌খচ্ছিন্নো ব সোচতী” তি

রাজা : “কল্লো সি ভস্তে নাগসেনা” তি ।

শকার্থ ও টীকা : ভগবতা—ভগবান্ কর্তৃক। তৃতীয়ার একবচন। কথিরা—
 কর, (3rd person sing.) it is always explained by 'kareyya'. যং —
 যাহা, জঞ্ঞা (= জ = জানীয়াং) ' জানা উচিত', 'One should know'.
 শকটচালিত্তায় — 'শকটচালকের চিন্তার দ্বারা', 'by the thought of the
 wagon driver'. (তৃতীয়ার একবচন)। মন্তাধীয়ো—চিন্তাশীল জ্ঞানী, 'a
 wise man পরক্কমে — পরাক্রম করে, 'should act', সত্তমী, প্রথম পুরুষ,
 এক বচন। আঅনেপদ। হিত্তা — ত্যাগ করিয়া। সমং — সমান, even:
 বিসমং — অসমান uneven. মগংগং — পথ, মার্গ। আরুহ্ — আরোহণ করিয়া
 (আরুহ্) অক্খচ্ছিন্নো — অক্ষচ্ছিন্ন, 'the axle of whose (wagon) is
 broken.' অপক্কম্ম — ত্যাগ করিয়া, [অপ + √ক্রম্ — to go away, depart,
 go to one side, 3rd person sing. present tense 'অপক্কমতি' (সং—
 অপক্রমতি) gerund. ঝায়তি — (ধায়তি) — পুনঃ পুনঃ চিন্তা করে, 'thinks
 on and on.' প্রথম পুরুষ একবচন, বর্তমান কাল। অনুবত্তিয়া — অনুসরণ করিয়া
 'having followed,' gerund. সোচতি — অনুশোচনা করে। অক্খচ্ছিন্নোব—
 ভগ্ন চাকার মত অর্থাৎ অর্ধপথে গাড়ীর চাকা ছিন্ন হইলে যে অবস্থা হয় সে অবস্থা।

বঙ্গানুবাদ :

রাজা : “না ভস্তে।”

নাগসেন : “মহারাজ, এই রকমই সম্প্রাপ্তকালের উত্তম অকিঞ্চিৎ কর, পূর্বকৃত
 উদ্যমই ফলপ্রসূ হয়।” ভগবান কর্তৃকও এরকম উক্ত হইয়াছে
 যাহা নিজের পক্ষে হিতকর তাহা জানিয়া পূর্ব হইতেই উদ্যম
 করা উচিত। জ্ঞানী ও চিন্তাশীল ব্যক্তির কখনও শকটচালকের
 ঞায় চিন্তা করিয়া উদ্যম করেন না।

যে রূপ শকটচালক সমান মহাপথ অতিক্রম করতঃ অসমান পথে
 আরোহণ করিয়া অক্ষচ্ছিন্ন হয় তদ্রূপ যে ধর্মপথ ত্যাগ করিয়া
 অধর্মের অনুসরণ করে সেও মৃত্যুমুখে পতিত হইয়া অক্ষচ্ছিন্ন শকট-
 চালকের মত অনুশোচনা করে।”

রাজা : “সুদক্ষ ভস্তে নাগসেন।”